গাংনীতে বিজিবি’র উদ্যোগে ফ্রী মেডিকেল ক্যাম্প ও কম্বল বিতরণ

কুষ্টিয়া ব্যাটালিয়ন(৪৭ বিজিবি)র উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে দুস্থ্য জনসাধারণকে ফ্রী মেডিকেল ক্যাম্পে চিকিৎসা সেবা প্রদান ও বিনামুল্যে ওষুধ বিতরণ ও শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭বিজিবি)।

শুক্রবার দিনব্যাপী মানবিক কার্যক্রম পরিচালনায় এলাকাবাসী বিভিন্ন প্রকার সেবা গ্রহন করেন বিজিরি কাছ থেকে। আজ সকালে মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ক্যাম্পে ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

বিকেলে গাংনী উপজেলার রংমহল গ্রামে ফ্রী মেডিকেল ক্যাম্পে দেড়শতাধিক মানুষকে চিকিৎসা সেবা ও বিনামুল্যে ওষুধ বিতরণ করা হয় এবং রাধাগোবিন্দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে শতাধিক শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। চিকিৎসা সেবা প্রদান করেন চুয়াডাঙ্গা বিজিবি হাসপাতালের সার্জারি বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক মেজর মোহাম্মদ আব্দুল কাদের মিয়া।

এসময় কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্ণেল আরিফুল হক ও সহকারি পরিচালক (এডি) জিয়াউর রহমান বিজয় দিবসের এসকল মানবিক কার্যক্রম পরিদর্শন করেন এবং নিজ হাতে কম্বল ও ওষূধ বিতরণ করেন।

কার্যক্রমের সার্বিক সহায়তা করেন কাথুলী বিজিবির কোম্পানী কমান্ডার সাইফুল ইসলাম,রংমহল ক্যাম্প কমান্ডার হাবিলদার আব্দুল কাদেরসহ স্থানীয় বিজিবি ক্যাম্পের সদস্যবৃন্দ।